# বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

৮/সি, আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭
রেজিস্ট্রেশন শাখা
(www.bteb.gov.bd)

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯-১১১ তারিখ: ০৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

## বিজ্ঞপ্তি

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের নিম্নোক্ত বর্ধিত সময়সূচি অনুযায়ি অনলাইনে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানগণকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

শিক্ষার্থীর রেজিস্ট্রেশনের যোগ্যতা: এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমে নবম শ্রেণিতে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা দেশের যে কোনো শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত জুনিয়র স্কুল সার্টিফিকেট/জুনিয়র দাখিল সার্টিফিকেট/জেএসসি (ভোকেশনাল)/অষ্টম শ্রেণি উত্তীর্ণ শিক্ষার্থী ২০২৬-২০২৭ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশন করা যাবে।

সরকারি প্রতিষ্ঠানে ১ম শিফটে শিক্ষার্থীদের ২০২০ অথবা এর পরবর্তী সময়ে জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। এছাড়া সরকারি প্রতিষ্ঠানের ২য় শিফট এবং বেসরকারি প্রতিষ্ঠানের জন্য জেএসসি/জেডিসি/অষ্টম শ্রেণি উত্তীর্ণদের পাসের সন শিথিলযোগ্য। তবে, অষ্টম শ্রেণি পাসের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান কর্তৃক অষ্টম শ্রেণি পাসের প্রত্যয়নপত্র (জন্ম তারিখ উল্লেখসহ) এবং জন্ম নিবন্ধনের অনলাইন কপি থাকতে হবে এবং শিক্ষার্থীর বয়স ৩১-১২-২০২৫ তারিখে ন্যূনতম ১২ বছর হতে হবে।

ফিসের বিবরণ (শিক্ষার্থী প্রতি): ভর্তি আবেদন ফরম ফি ৩০.০০, ক্রীড়া ও সাংস্কৃতিক ফি ৫০.০০, রেড ক্রিসেন্ট ফি ৮.০০, বিজ্ঞান ও প্রযুক্তি ফি ৭.০০, স্কাউট/গার্লস গাইড ফি ১৫.০০ এবং রেজিস্ট্রেশন ফি ১৩০.০০ সহ সর্বমোট ২৪০.০০ (দুইশত চল্লিশ টাকা) হারে একত্রে প্রতিষ্ঠানের মাধ্যমে প্রদান করতে হবে।

০১. অনলাইনে ডাটা এন্ট্রির সময়সূচি: **০৩-০৯-২০২৬ খ্রি. হতে ২০-০৯-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০২. পেমেন্ট ও রেজিস্ট্রেশনের সময়সূচি: **০৩-০৯-২০২৬ খ্রি. হতে ২০-০৯-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০৩. ফাইনাল লিস্ট (হার্ড কপি) প্রিন্টের সময়সূচি: **৩০-০৯-২০২৬ খ্রি. হতে ০৮-১০-২০২৬ খ্রি. পর্যন্ত।**
০৪. শিক্ষার্থীদের রেজিস্ট্রেশনের জন্য তথ্য আপলোড করার লক্ষ্যে স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষকদের সমন্বয়ে ০৩ (তিন) সদস্য বিশিষ্ট একটি রেজিস্ট্রেশন কমিটি গঠন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে শিক্ষার্থীর তথ্য এন্ট্রির পর দায়িত্বপ্রাপ্ত কমিটির সদস্যদের দ্বারা প্রতিষ্ঠানে রক্ষিত ভর্তি ফরম ও সনদের সাথে মিলিয়ে তথ্য সঠিকভাবে এন্ট্রি হয়েছে কিনা যথাযথ ভাবে নিশ্চিত হবেন এবং ভুল থাকলে সংশোধন করবেন। রেজিস্ট্রেশন কার্যক্রমে কোনোভাবেই শিক্ষার্থীদের নিযুক্ত করা যাবে না। চূড়ান্ত তালিকার প্রিন্ট আউট প্রতিষ্ঠানে সংরক্ষণ করতে হবে।
০৫. প্রতিষ্ঠানের অ্যাফিলিয়েশন ফি ২০২৫-২৬ অর্থবছর পর্যন্ত পরিশোধ থাকতে হবে।
০৬. শিক্ষার্থীর তথ্য এন্ট্রিতে কোনো ভুল হলে এবং নির্ধারিত তারিখের মধ্যে রেজিস্ট্রেশন কার্য সম্পন্ন করতে না পারলে সমুদয় দায় প্রতিষ্ঠান প্রধানের উপর বর্তাবে।
০৭. প্রতি ট্রেডে আসন সংখ্যা হবে সর্বোচ্চ ৫০ (পঞ্চাশ) জন। এর মধ্যে মূল আসন ৪০ (চল্লিশ) জন এবং ড্রপআউট ১০ (দশ) জন।
০৮. শিক্ষা প্রতিষ্ঠানে অনুমোদিত প্রত্যেক ট্রেডে ন্যূনতম ১২ জন শিক্ষার্থী ভর্তি করতে হবে।
০৯. **ই-সেবা প্ল্যাটফর্ম (bteb.gov.bd⇨ই-সেবা⇨প্রতিষ্ঠান লগইন অথবা btebesheba.gov.bd⇨প্রতিষ্ঠান লগইন) এর মাধ্যমে প্রতিষ্ঠানসমূহকে রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পাদন করতে হবে।**
১০. আন্তঃশিক্ষা বোর্ডের কেন্দ্রীয় ফলাফলের সার্ভার বন্ধ থাকায় শিক্ষার্থীদের জেএসসি/জেডিসি/৮ম শ্রেণি পাসের ডকুমেন্ট এবং জন্ম নিবন্ধন অনুযায়ী যাচাই-বাছাইপূর্বক ম্যানুয়ালী ডাটা এন্ট্রি করতে হবে।
১১. রেজিস্ট্রেশন কার্ড বিতরণের সিডিউল পরবর্তীতে বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে।

স্বাক্ষরিত/-
**(মোঃ আল মাসুদ করিম)**
সচিব (উপসচিব)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫২২
ই-মেইল: secretary@bteb.gov.bd

স্মারক নং: ৫৭.১৭.০০০০.১০৫.৪০.০০৩.১৯-১১১(১০) তারিখ: ০৩ সেপ্টেম্বর, ২০২৬ খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য:**

১-৪. পরিচালক (কারিকুলাম)/পরীক্ষা নিয়ন্ত্রক/পরিদর্শক/পরিচালক (আইটিসি), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. উপপরীক্ষা নিয়ন্ত্রক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. উপপরিদর্শক (ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. সিস্টেম এনালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৮. কারিকুলাম বিশেষজ্ঞ (দাখিল ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৯. বিশেষজ্ঞ (এসএসসি ভোকেশনাল), বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
১০. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।

০৩.০৯.২৬
**(প্রকৌশলী মোঃ আব্দুল হান্নান)**
উপসচিব (রেজিস্ট্রেশন)
ফোন (অফিস): ০২-৫৫০০৬৫৩৬